

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

তাগিদ পত্র

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.১৮.০৮০.১৪.৮১৩

তারিখ: ৪ ভাদ্র ১৪২৫

১৯ আগস্ট ২০১৮

বিষয়: ৩৭তম বিসিএস এর লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু ক্যাডার পদে সুপারিশ প্রাপ্ত নয় এমন প্রার্থীদের মধ্য থেকে ১ম ও ২য় শ্রেণির নন-ক্যাডার পদে সরাসরি নিয়োগ।

সূত্র : ৩৭.০০.০০০০.০৬১.১৮.০৮০.১৪.৭১৭তারিখ: ২৫ জুলাই ২০১৮।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের মাধ্যমে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন-এর চেয়ারম্যান মহোদয় কর্তৃক প্রেরিত ১৮ জুলাই ২০১৮ তারিখের ৮০.২০০.০৩৬.০০.০০. ০০১.২০১৮-৩১৭ সংখ্যক ডি.ও. পত্রের অনুলিপি প্রেরণ করা হয়েছিল এবং উক্ত ডি.ও. পত্রের আলোকে নির্ধারিত ছকে নিয়োগযোগ্য সকল ১ম ও ২য় শ্রেণির শূন্য পদের তালিকা, নিয়োগের অধিযাচন ও নিয়োগ বিধিমালার অনুলিপি গত ১২ আগস্ট ২০১৮ তারিখের মধ্যে আবশ্যিকভাবে এ বিভাগের প্রশাসন ও সংস্থাপন শাখায় প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু এ বিষয়ে কোন অগ্রগতি পরিলক্ষিত হচ্ছে না।

২। এমতাবস্থায়, ইতঃপূর্বে প্রেরিত ডি.ও. পত্রের আলোকে নির্ধারিত ছকে নিয়োগযোগ্য সকল ১ম ও ২য় শ্রেণির শূন্য পদের তালিকা, নিয়োগের অধিযাচন ও নিয়োগ বিধিমালার অনুলিপি আগামী ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে আবশ্যিকভাবে এ বিভাগের প্রশাসন ও সংস্থাপন শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।



১৯-৮-২০১৮

মোঃ শামসুল আলম

সিনিয়র সহকারী সচিব (প্রতিকল্প)

ফোন: ৯৫৪৯১৩০

ইমেইল: sas_admin1@moedu.gov.bd

বিতরণ :

- ১) চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
- ২) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী-নীলক্ষেত, ঢাকা (ইতঃপূর্বে নির্ধারিত ছকে শূন্য পদের তথ্যাদি প্রেরণ করলেও নিয়োগের অধিযাচন ও নিয়োগ বিধিমালার অনুলিপি প্রেরণ করা হয়নি)।
- ৩) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৪) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ইতঃপূর্বে নির্ধারিত ছকে শূন্য পদের তথ্যাদি প্রেরণ করলেও নিয়োগের অধিযাচন ও নিয়োগ বিধিমালার অনুলিপি প্রেরণ করা হয়নি)।
- ৫) মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই), সেগুনবাগিচা, ঢাকা।
- ৬) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি),

মতিঝিল, ঢাকা।

৭) সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি),
আগারগাঁও, ঢাকা।

৮) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

৯) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

১০) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।

১১) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

১২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।

১৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা।

১৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

১৫) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী
অবসর সুবিধা বোর্ড, ঢাকা।

১৬) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী
কল্যাণ ট্রাস্ট, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.১৮.০৮০.১৪.৮১৩/১(২)

তারিখ: ৪ ভাদ্র ১৪২৫
১৯ আগস্ট ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।



১৯-৮-২০১৮

মোঃ শামসুল আলম

সিনিয়র সহকারী সচিব (প্রতিকল্প)